



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা
আইসিটি অপারেশন বিভাগ
৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

ফোন : ০২-৯৫৫১১৬৮
০২-৯৫৬০০২১-২৭৯
ই-মেইলঃ dgmictp@krishibank.org.bd

নং-প্রকা/আইসিটি(অপা)-৭(১২) অংশ-৩/২০১৯-২০২০/ ১৫৫

তারিখঃ ২৭.০৮.২০১৯

ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
ঘরিষার বাজার শাখা
শরীয়তপুর।

বিষয়ঃ শাখা প্যারালাল না রাখার কারণ ব্যাখ্যাকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। আপনি অবগত আছেন যে, ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক ব্যাংকের সকল শাখাকে অটোমেশনের আওতায় আনয়নের নির্দেশনা রয়েছে। সে লক্ষ্য বাস্তবায়নকল্পে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আপনার শাখায় কম্পিউটারাইজেশন কার্যক্রম সম্পাদনের জন্য গত ১০.০২.২০১৯ ইং তারিখ থেকে ০৮.০৮.২০১৯ ইং তারিখ পর্যন্ত প্রায় ০৬ (ছয়) মাস অত্র বিভাগের ০১ (এক) জন কর্মকর্তা নিয়োজিত ছিল, যার অফিস স্মারক নং- প্রকা/আইসিটি(অপা)-৭(১২) অংশ-৩/২০১৮-১৯/৭০২, ৮৬৪, ৯১৫, ৯৮২, ১০৩৬, ১০৮০, ১১১৫, ১১৫২ তারিখ যথাক্রমে ০৬.০২.২০১৯, ৩১.০৩.২০১৯, ১৫.০৪.২০১৯, ৩০.০৪.২০১৯, ১৯.০৫.২০১৯, ২৮.০৫.২০১৯, ১৭.০৬.২০১৯, ৩০.০৬.২০১৯ ইং এবং প্রকা/আইসিটি(অপা)-৭(১২) অংশ-৩/২০১৯-২০/১০, ৪৯, ৯০ তারিখ যথাক্রমে ০৪.০৭.২০১৯, ১৭.০৭.২০১৯, ৩০.০৭.২০১৯।

০৩। উক্ত কর্মকর্তা শাখা প্যারালাল করে ০৮.০৮.২০১৯ ইং তারিখ শাখা ত্যাগ করে। ০৮.০৮.২০১৯ ইং তারিখের পর থেকে শাখাটি প্যারালাল ভাবে চলমান রাখা হবে মর্মে আপনি প্রত্যয়ন করেন। অত্র বিভাগ কর্তৃক আপনার এবং আপনার শাখার ২য় কর্মকর্তার সাথে ১৯.০৮.২০১৯ ইং তারিখে টেলিফোনিক যোগাযোগের মাধ্যমে ২১.০৮.২০১৯ ইং তারিখের প্রকা/আইসিটি(অপা)-৭(১২) অংশ-৩/২০১৮-১৯/১৩০ নং স্মারকমূলে ২৭.০৮.২০১৯ ইং তারিখে লাইভ অপারেশনের তারিখ ধার্য করা হয়। তবে অত্র বিভাগ কর্তৃক ২৫.০৮.২০১৯ ইং তারিখে ফোনলাপের প্রেক্ষিতে জানা যায় যে, ভাউচার পোষ্টিং দৈনিক দেয়ার কথা থাকলেও আইসিটি অপারেশন বিভাগের কর্মকর্তা শাখা ত্যাগ করার পরে শাখা কর্তৃক ভাউচার পোষ্টিং আর দেওয়া হয়নি এবং বর্তমানে ভাউচার পোষ্টিং বন্ধ রয়েছে।

০৪। এমতাবস্থায়, প্যারালাল শাখায় কেন ভাউচার পোষ্টিং বন্ধ রয়েছে তার সুনির্দিষ্ট কারণ ব্যাখ্যা করত আগামী ৩(তিন) কার্যদিবসের মধ্যে অত্র বিভাগকে অবহিত করার পরামর্শ দেওয়া হলো। ব্যর্থতায় কর্তৃপক্ষের বরাবর আপনার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(সাহা শংকর প্রসাদ)
সহকারী মহাব্যবস্থাপক

সূত্র নং-প্রকা/আইসিটি(অপা)-৭(১২) অংশ-৩/২০১৯-২০২০/ ১৫৫(৭)

তারিখঃ ২৭-০৮-২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক(আইসিটি) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ফরিদপুর।
- ৩। উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, প্রকা, ঢাকা। পত্রটি অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৪। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক কার্যালয়, শরীয়তপুর।
- ৫। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, শরীয়তপুর।
- ৬। নথি।